**৯। নিচের উদ্দীপকটি পড় এবং প্রশ্নগুলোর উত্তর দাও-**

রওশনের কাছে পৌরনীতি ও সুশাসন বিষয়টি খুব ভাল লাগে। সে তার বিশ্ববিদ্যালয় পড়ুয়া বোন মরিয়মের কাছে জিজ্ঞাসা করে তাদের বিশ্ববিদ্যালয়ে এ বিষয়ে কী কেউ পড়াশুনা করে। মরিয়ম বলেন তাদের বিশ্ববিদ্যালয়ে এ বিষয়ে অনার্স পড়ানো হয় না, তবে পৌরনতি ও সুশাসনের সাথে সবচেয়ে ঘনিষ্ঠতর বিষয়ে পড়াশুনা করতে পারে। সে আরও বলেন, পৌরনীতি ও সুশাসনের সাথে উক্ত বিষয়টির সম্পর্ক সহোদর ভাই এর মতো।

ক) পৌরনীতি কোন ধরণের বিজ্ঞান? ১

খ) সুশাসনের দুটি বৈশিষ্ট্য ব্যাখ্যা কর? ২

গ) উদ্দীপকে পৌরনীতি ও সুশাসনের সাথে কোন বিষয়ের সম্পর্ক দেখানো হয়েছে? তা ব্যাখ্যা কর। ৩

ঘ) পৌরনীতি ও সুশাসনের সাথে উক্ত বিষয়টির সম্পর্ক সহোদর ভাই এর মতো- উক্তিটি মূল্যায়ন কর। ৪

**১০। নিচের উদ্দীপকটি পড় এবং প্রশ্নগুলোর উত্তর দাও-**

১৯৪০ সালের ২৩ মার্চ মোহাম্মদ আলী জিন্নাহর সভাপতিত্বে লাহোরে মুসলিম লীগের একটি অধিবেশন অনুষ্ঠিত হয়। উক্ত অধিবেশনে শেরে বাংলা এ.কে. ফজলুল হক একটি প্রস্তাব উত্থাপন করেন। এই প্রস্তাবে মুসলমানদের জন্য স্বতন্ত্র রাষ্ট্র গঠনের দাবি জানানো হয়। এই ঐতিহাসিক প্রস্তাবের পথ ধরেই ১৯৪৭ সালে পাকিস্তান রাষ্ট্রের জন্ম হয়। আর পরবর্তীতে এই পাকিস্তান রাষ্ট্র থেকেই অভ্যুদয় ঘটে স্বাধীন সার্বভৌম বাংলাদেশের।

ক) সর্বভারতীয় কংগ্রেসের জন্ম হয় কবে? ১

খ) বঙ্গভঙ্গ কেন রদ করা হয়? ২

গ) উদ্দীপকে যে প্রস্তাবের কথা বলা হয়েছে তার ঐতিহাসিক পটভূমি ব্যাখ্যা কর। ৩

ঘ) উদ্দীপকে বর্ণিত প্রস্তাবের গুরুত্ব ও ফলাফল বিশ্লেষণ কর। ৪

**১১। নিচের উদ্দীপকটি পড় এবং প্রশ্নগুলোর উত্তর দাও-**

সৌদি আরবের এক লোক চুরি করে ধরা পড়ে। বিচারে তা প্রমাণিত হওয়ায় তার হাত কেটে দেওয়ার রায় হয়। কারণ পবিত্র কোরআনে চুরির জন্য হাত কেটে দেওয়ার বিধান রয়েছে।

ক) মূল্যবোধ কী? ১

খ) 'সাম্য ব্যতীত স্বাধীনতা অর্থহীন'-কেন? ২

গ) উদ্দীপকে সৌদি আরবের উল্লিখিত এই আইনের উৎস কী? ব্যাখ্যা কর। ৩

ঘ) তুমি কি মনে কর যে, প্রচলিত প্রথা থেকেই আইনের সৃষ্টি? তোমার উত্তরের স্বপক্ষে যুক্তি দেখাও। ৪

## ধামরাই সরকারি কলেজ, ঢাকা

## একাদশ শ্রেণির অর্ধ বার্ষিক পরীক্ষা-২০২৩

## পৌরনীতি ও সুশাসন (১ম ও ২য় পত্র)

## সৃজনশীল প্রশ্ন

[ যেকোন ৭টি প্রশ্নের উত্তর দাও। প্রত্যেকটি প্রশ্নের মান সমান]

**সময়ঃ ২ ঘন্টা ৩০ মিনিট** **পূর্ণমান - ৭০**

**১। নিচের উদ্দীপকটি পড় এবং প্রশ্নগুলোর উত্তর দাও-**

রিমি পৌরনীতি ও সুশাসন বিষয়ে লেখাপড়া করছে। রাষ্ট্রের নাগরিকদের নীতিবোধ সৃষ্টির জন্য তাকে অন্য আরেকটি বই পাঠ করতে হবে। সেই শাস্ত্রে ন্যায়-অন্যায়, ভালো-মন্দ, উচিত-অনুচিত সম্পর্কে আলোচনা রয়েছে। ন্যায়নীতির ভিত্তিতেই আইন, রাষ্ট্র গড়ে ওঠে।

ক) পৌর শব্দটির উৎপত্তি কোন শব্দ থেকে? ১

খ) পৌরনীতিকে নাগরিকতা বিষয়ক বিজ্ঞান বলা হয় কেন? ২

গ) উদ্দীপকে রিমিকে অন্য কোন শাস্ত্র পাঠ করতে হবে? নিরূপণ কর। ৩

ঘ) উদ্দীপকে পৌরনীতির সাথে উক্ত শাস্ত্রের সম্পর্ক বিশ্লেষণ কর। ৪

**২। নিচের উদ্দীপকটি পড় এবং প্রশ্নগুলোর উত্তর দাও-**

বর্তমানে আরিফের দেশে সকল সিদ্ধান্ত প্রধানমন্ত্রীর ইচ্ছা-অনিচ্ছার উপর নির্ভরশীল। সকল সিদ্ধান্ত প্রধানমন্ত্রীর কাছ থেকে আসে। দেশের জনগন অশিক্ষিত বলে এ বিষয়ে সচেতন নয়।


ক) সুশাসন কী? ১

খ) সুশাসনের জন্য স্বচ্ছতা, জবাবদিহিতা প্রয়োজন কেন? ২

গ) উদ্দীপকে উল্লিখিত দেশে সুশাসনের কোন সমস্যার প্রতিফলন দেখা যায়? নিরূপণ কর। ৩


ঘ) তুমি কি মনে কর, সুশাসন প্রতিষ্ঠায় এসব সমস্যার সমাধান করা প্রয়োজন? তোমার উত্তরের স্বপক্ষে যুক্তি দাও। ৪

**৩। নিচের ছকটি লক্ষ কর এবং প্রশ্নগুলোর উত্তর দাও ঃ-**




ক) মুসলিম লীগ কত সালে গঠিত হয়? ১
খ) লাহোর প্রস্তাবের মূলভিত্তি কী ছিল- বুঝিয়ে লিখ। ২
গ) উল্লিখিত ছকে কোন ঘটনার ইঙ্গিত রয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ) "ছকে উল্লিখিত ঘটনায় হিন্দুদের যে প্রতিক্রিয়া পরিলক্ষিত হয় তা সম্পূর্ণ মুসলমানদের বিপরীত" বিশ্লেষণ কর। ৪

**৪। নিচের ছকটি দেখ এবং প্রশ্নগুলোর উত্তর দাও -**




ক) তিতুমীরের প্রকৃত নাম কী? ১
খ) মওলানা আব্দুল হামিদ খান ভাসানীকে মজলুম জননেতা বলা হয় কেন? ২
গ) উল্লিখিত ছকে "?" চিহ্নিত স্থানে কোন রাজনৈতিক ব্যক্তিত্ব সম্পর্কে তথ্য প্রদান করা হয়েছে? - ব্যাখ্যা কর। ৩
ঘ) স্বাধীন বাংলাদেশ সৃষ্টিতে উক্ত রাজনৈতিক ব্যক্তিত্বের অবদান মূলায়ন কর। ৪

**৫। নিচের উদ্দীপকটি পড় এবং প্রশ্নগুলোর উত্তর দাও-**

শামীম সাহেব একজন কলেজ শিক্ষক ও সচেতন ব্যক্তি। তিনি একজন সচেতন নাগরিক হিসেবে সর্বদা আইন মেনে চলেন। এছাড়া তিনি বিভিন্ন অপকর্ম থেকেও বিরত থাকেন। তিনি বিশ্বাস করেন আইনের অনুশাসন সুশাসন প্রতিষ্ঠায় অত্যাবশ্যক।

ক) UNDP- এর পূর্ণরূপ কী? ১
খ) সুশাসন বলতে কী বোঝায়? ২
গ) শামীম সাহেবের উল্লিখিত বিষয়টি সুশাসন প্রতিষ্ঠায় কতটুকু কার্যকর তা ব্যাখ্যা কর। ৩
ঘ) 'উদ্দীপকে উল্লিখিত বিষয়টিই সুশাসন প্রতিষ্ঠায় একমাত্র ভূমিকা পালন করে? তুমি কি এর সাথে একমত-যুক্তি দাও। ৪

**৬। নিচের উদ্দীপকটি পড় এবং প্রশ্নগুলোর উত্তর দাও-**

নব্বইয়ের দশকে নূর হোসেন গণতন্ত্র প্রতিষ্ঠার আন্দোলনে রাজপথে প্রাণ দেন। তার মৃত্যুর কিছুদিন পর ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে ডাঃ মিলনের মৃত্যু হয়। এর পরিপ্রেক্ষিতে আন্দোলন আরও বেগবান হয় এবং তৎকালীন শাসকের পতন হয়। বাংলাদেশের স্বাধীনতার পূর্ববর্তী সময়েও এ ধরণের একটি আন্দোলন হয়েছিল। এই আন্দোলনের ফলে সরকার জাতীয় নির্বাচন দিতে বাধ্য হয় এবং নির্বাচনে আওয়ামী লীগ বিজয় অর্জন করে।

ক) যুক্তফ্রন্ট কত সালে গঠিত হয়? ১
খ) ছয় দফার অন্তর্ভুক্ত দফাগুলো উল্লেখ কর। ২
গ) উদ্দীপকে উল্লিখিত ঘটনার সাথে কোন ঘটনার মিল রয়েছে- ব্যাখ্যা কর। ৩
ঘ) উদ্দিপকে যে নির্বাচনের প্রতি ইঙ্গিত করা হয়েছে, তার গুরুত্ব মূল্যায়ন কর। ৪

**৭। নিচের ছকটি লক্ষ কর এবং প্রশ্নগুলোর উত্তর দাও-**

| সরকার | |
|---|---|
| রাষ্ট্রপতি | বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান |
| অস্থায়ী রাষ্ট্রপতি | সৈয়দ নজরুল ইসলাম |
| প্রধানমন্ত্রী | তাজউদ্দীন আহমদ |
| স্বরাষ্ট্রমন্ত্রী | এ এইচ এম কামরুজ্জামান |
| পররাষ্ট্রমন্ত্রী | খন্দকার মোশতাক আহমদ |
| অর্থমন্ত্রী | ক্যাপ্টেন এম মনসুর আলী |

ক) আগরতলা মামলার আসামি ছিল কতজন? ১
খ) পাকিস্তানে কে প্রথম সামরিক শাসন জারি করেন ? ২
গ) উল্লিখিত ছকটি বাংলাদেশের কোন সরকারকে নির্দেশ করে? ব্যাখ্যা কর। ৩
ঘ) উক্ত সরকারই স্বাধীন বাংলাদেশের অভ্যুদয় ঘটায় - উক্তিটির যৌক্তিকতা যাচাই কর। ৪

**৮। নিচের উদ্দীপকটি পড় এবং প্রশ্নগুলোর উত্তর দাও-**

ছাত্রনেতা জালাল উদ্দিন তার রাজনৈতিক জীবনে একজন নেতার আদর্শ সার্বক্ষণিক অনুসরন করে চলেন। যিনি ১৮৮০ সালের ১২ ডিসেম্বর সিরাজগঞ্জ জেলায় জন্মগ্রহণ করেন। এ নেতার আদর্শকে সামনে রেখে জালাল উদ্দিন সাধারণ মানুষের অধিকার প্রতিষ্ঠার সংগ্রামে অক্লান্ত পরিশ্রম করেন।

ক) কাকে গণতন্ত্রের মানসপুত্র বলা হয়? ১
খ) বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের শিক্ষা জীবনের বিবরণ দাও। ২
গ) উদ্দীপকে ছাত্রনেতা জালাল উদ্দিন কোন নেতার আদর্শ অনুসরণ করে চলেন? ব্যাখ্যা কর। ৩
ঘ) জালাল উদ্দিন সাধারণ মানুসের অধিকার প্রতিষ্ঠায় ভূমিকা রেখে উক্ত নেতার পথেই হেঁটেছেন- বিশ্লেষণ কর। ৪